**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।**
(সংস্থাপন শাখা)
**www.sylhetdiv.gov.bd**

নম্বর: ০৫.৬০.০০০০.০০৪.১১.০০২.১৪.১০০৫(৩৮) তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেটে নিম্নলিখিত শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আগামী ২৩.১০.২০১৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিসের নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫ | ০১ (এক) | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সাঁটলিপিতে ন্যূনতম প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>(গ) কম্পিউটারে Word Processing/ Data Entry & Typing ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। |

### শর্তাবলী

(১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

(২) অফিসের নির্ধারিত আবেদন ফরমটি www.sylhetdiv.gov.bd ওয়েবসাইটের প্রথম পাতার ‘নোটিশ বোর্ড’ সেকশনে এবং এ অফিসের সংস্থাপন শাখায় পাওয়া যাবে।

(৩) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি ক্রমান্বয়ে সংযুক্ত করতে হবে:
- (ক) শিক্ষাগত যোগ্যতা, সাঁটলিপি ও কম্পিউটার প্রশিক্ষণের প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি।
- (খ) সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
- (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি।
- (ঙ) ১-০৭৪১-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ‘পরীক্ষার ফি বাবদ’ ১০০/- (এক শত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানের মূলকপি দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- (চ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ যোগ্য প্রার্থীদের মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- (ছ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি (যা আবেদন ফরমের নির্ধারিত স্থানে লাগাতে হবে)।
- (জ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম-ঠিকানা লিখিত ৬/- টাকার ডাক টিকেট (অব্যবহৃত) লাগানো ১০.৫″×৪.৫″ সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

(৪) প্রার্থীর বয়সসীমা ২৩.১০.২০১৪ খ্রিস্টাব্দ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৫) (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকুরি প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি অথবা মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের ছায়ালিপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এরূপ সনদ ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।

(খ) প্রার্থী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হয় সেক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক উল্লেখপূর্বক ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ০১ কপি প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

(৬) নির্দিষ্ট কোন কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৭) খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে), এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম-ঠিকানা স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।

(৮) চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

(৯) **আগামী ২৩.১০.২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে** আবেদনপত্র ডাকযোগে ‘কমিশনার, সিলেট বিভাগ, সিলেট, ডাক: কদমতলী, সিলেট’ এই ঠিকানায় অথবা দপ্তরে স্থাপিত দরখাস্ত গ্রহণ বাক্সে আবেদনপত্র পৌঁছাতে হবে। হাতে হাতে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

(১০) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

(১১) আবেদনপত্রে বর্ণিত যেকোন তথ্য যেকোন পর্যায়ে ভূয়া/মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhetdiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে এবং শুধুমাত্র লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

(১৩) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৪) নিয়োগ সংক্রান্ত সকল সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে।

(১৫) আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। যেকোন তদবীর প্রার্থীর অযোগ্যতা প্রমাণে ভূমিকা রাখবে।

স্বাক্ষরিত/-
**(সাজ্জাদুল হাসান)**
কমিশনার
সিলেট বিভাগ, সিলেট
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচনী বোর্ড, সিলেট।
ফোন: ০৮২১-৮৪০০০২